দৈনিক ইনকিলাব

MAR 19

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ...

# সরকার রাজনৈতিক ফায়দা হাসিলে ৫০০ টাকা বেতন কমিয়ে দিয়েছে

## —বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি

**স্টাফ রিপোর্টার ঃ** বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ অভিযোগ করে বলেছেন, বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের জন্য বরাদ্দকৃত ৩৪ কোটি টাকার মধ্য থেকে রাজনৈতিক ফায়দা হাসিল করতে সরকার ১৫ কোটি টাকা কর্তন করে নেয়ার কারণে শিক্ষকরা ৬ মাস বর্ধিত হারে বেতন পাওয়ার পর এখন শিক্ষক-শিক্ষিকারা সরকারের নিকট থেকে প্রতিমাসে ৫শ' টাকা বেতন কম পাবেন। নেতৃবৃন্দ বলেন,

৭-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## বেসরকারী প্রাথমিক শিক্ষক

৮-এর পৃষ্ঠার পর

একই কারণে বেসরকারী প্রাথমিক শিক্ষকদের তিন মাসের বেতন প্রদানও বন্ধ হয়ে গেছে।

নেতৃবৃন্দ বলেন, সমিতি কর্তৃক বকেয়া বেতনসহ বর্ধিত হারে বেতন প্রদানের দাবী নস্যাৎ করতে সরকার পরিকল্পনা প্রতিমন্ত্রী মহিউদ্দীন আলমগীরকে দিয়ে সমিতি ভাঙ্গা ও শিক্ষক সমাজকে ভুল ব্যাখ্যা বুঝানোর মিশন দিয়ে মাঠে নামিয়েছে। শিক্ষক না পেয়ে মন্ত্রী এখন দলীয় কর্মীদের দিয়ে সংবর্ধনার অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে সমিতি ভাঙ্গার ব্যর্থ চেষ্টা করছেন। তারা বলেন, ভবিষ্যতে বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি মন্ত্রীকে এভাবে শিক্ষকদের নামে ভুয়া সংবর্ধনা অনুষ্ঠান করতে দেবে না।